



জনগণের অধিকার রক্ষায় ন্যায়ের শাসন অপরিহার্য: প্রধানমন্ত্রী



বগুড়ায় প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশে ন্যায়ভিত্তিক শাসনব্যবস্থা গড়ে তুলতে সরকার অঙ্গীকারবদ্ধ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, জনগণের অধিকার কেড়ে নিয়ে কোনো স্বৈরাচারী শক্তি যেন আর মাথাচাড়া দিয়ে উঠতে না পারে, তা নিশ্চিত করাই এখন সময়ের প্রয়োজন।

সোমবার (২০ এপ্রিল) বগুড়ায় 'ই-বেইল বড' কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, একটি আধুনিক রাষ্ট্রের ভিত্তি দাঁড়িয়ে থাকে ন্যায়বিচারের ওপর, যা আইন, নৈতিকতা ও নাগরিক অধিকারকে সমানভাবে গুরুত্ব দেয়। তিনি আরও বলেন, ন্যায়ের শাসন প্রতিষ্ঠায় বিচার বিভাগের স্বাধীনতা অপরিহার্য এবং এ ক্ষেত্রে বিচারকদের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। তিনি স্মরণ করেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সংবিধানের চতুর্থ সংশোধনীর মাধ্যমে বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করার উদ্যোগ নিয়েছিলেন।

সকালে বগুড়া সার্কিট হাউসে পৌঁছালে প্রধানমন্ত্রীকে ফুল দিয়ে স্বাগত জানান জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান। এরপর তিনি জেলা আইনজীবী সমিতির নতুন বহুতল ভবনের উদ্বোধন করেন।

পরে আদালতের সম্মেলনক্ষেত্রে দেশের প্রথম ইলেকট্রনিক জামিননামা ব্যবস্থা 'ই-বেইল বড' উদ্বোধন করেন তিনি। প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর এটিই ছিল তার প্রথম বগুড়া সফর।